

৫। গান্ধিজি একাধিক বার শাস্তিনিকেতন পরিদর্শনে এসেছিলেন। শাস্তিনিকেতন পরিদর্শনের সূত্রে রবীন্দ্রনাথের সঙ্গে তাঁর সম্পর্ক নিবিড় হয়েছিল। পরাধীন ভারতবর্ষের ক্ষেত্রে এই মেধাবী সান্নিধ্য জরুরি ছিল — মন্তব্যটি বিচার করো।

৬। অসুস্থতা, অপারেশন তারপর ধীরে ধীরে বাইশে শ্রাবণের দিকে এগিয়ে যাওয়া — কেমনভাবে কেটে ছিল রবীন্দ্রজীবনের অন্তিম পর্বটি? বাইশে শ্রাবণ রবীন্দ্রনাথের মৃত্যুদিন কেবল নয়, আমাদের সাহিত্য-সংস্কৃতির ইতিহাসে দিনটির বিশেষ তাৎপর্য আছে। যুক্তিসহ মন্তব্যটি বিশ্লেষণ করো।

অথবা

৭। দীর্ঘ জীবনে প্রিয়জনের মৃত্যুজনিত শোক রবীন্দ্রনাথকে বারংবার পীড়িত করেছে। ‘মৃত্যুজনিত শোক’ ও ‘মৃত্যুভাবনা’ সমকালীন রবীন্দ্র কবিতায় কীভাবে রেখাপাত করেছিল আলোচনা করো।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, প্রথম সিমেস্টার)

বাংলা

কোর্স : পি জি ১.৫৫ (ঐচ্ছিক)

রবীন্দ্রজীবন

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের। ৩×১০=৩০

১। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর প্রসঙ্গে রবীন্দ্রনাথ একবার লিখেছিলেন, “সেই দিন এই যে আমার সমস্ত শক্তিকে এমন দুর্গম উৎসাহে দৌড় করাইয়াছিলেন, তাহার সারথি ছিলেন জ্যোতিদাদা।” কোন তাৎপর্যে ‘সারথি’ শব্দের ব্যবহার করলেন রবীন্দ্রনাথ, বুঝিয়ে লেখো।

অথবা

২। “প্রচণ্ড বেদনা থেকেই আমার জীবন মুক্তির ক্ষেত্রে প্রথম প্রবেশলাভ করলে।”, অমিয় চন্দ্রবর্তীকে একটা চিঠিতে লিখেছিলেন রবীন্দ্রনাথ। রবীন্দ্রনাথের জীবনের সাপেক্ষে এই কথার তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। ‘মানসী’ পর্বে জীবনদেবতার অস্পষ্ট ধারণা ‘চিত্রা’ পর্বে রবীন্দ্রনাথের নিজের কাছে কীভাবে স্পষ্টতর হয়ে উঠেছে তা দৃষ্টান্তসহ আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা

৪। আত্মজীবনী ও কবিজীবনীর মধ্যে মূলগত তফাৎ কী? রবীন্দ্রনাথের ‘আত্মপরিচয়’ গ্রন্থের আলোকে বিষয়টি আলোচনা করে বুঝিয়ে দাও।